দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
সোমবার, ১৫ অক্টোবর ২০১৮, ৩০ আশ্বিন ১৪২৫, ৪ সফর ১৪৪০

ENGLISH
ঢাকা,
৩১ °সে
Customised Search

হোম | প্রথম পাতা | শেষ পাতা | রাজধানী | সারাদেশ | বিনোদন প্রতিদিন | খেলার খবর | শিল্প বাণিজ্য | সম্পাদকীয় | আয়োজন | অনুশীলন | অন্যান্য | মতামত | চিঠিপত্র | দ্বিতীয় সংস্করণ | আজকের ফিচার | দৈনিক ইত্তেফাক ঈদ সংখ্যা | বিজ্ঞাপন দর

আজকের পত্রিকা » প্রথম পাতা


Like 4 Share 4 Tweet G+ Share Save Share

# বেসরকারি ১১ বিশ্ববিদ্যালয় নিয়ে বিপাকে ইউজিসি

## শিক্ষার্থী-অভিভাবকদের সতর্ক করতে গণবিজ্ঞপ্তি

নিজামুল হক ১৫ অক্টোবর, ২০১৮ ইং

নানা অনিয়মে অভিযুক্ত ১১ বেসরকারি বিশ্ববিদ্যালয় নিয়ে বিপাকে রয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। কোনো প্রক্রিয়াতেই এদের শিক্ষা কার্যক্রম বেসরকারি বিশ্ববিদ্যালয় আইনের আওতায় আনা যাচ্ছে না। তাই বাধ্য হয়ে একের পর এক গণবিজ্ঞপ্তি দিয়ে এসব বিশ্ববিদ্যালয়ের বিষয়ে শিক্ষার্থী ও অভিভাবকদের সতর্ক করা হচ্ছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন বলছে, এটা ছাড়া আর কোনো বিকল্পও নেই। নিয়ম না মানা বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হলে এরা আদালতে যাচ্ছে।




দেশে বর্তমানে ১০৩টি বেসরকারি বিশ্ববিদ্যালয় রয়েছে। এসব বিশ্ববিদ্যালয়ের বেশির ভাগের বিরুদ্ধেই কোনো না কোনো নিয়ম না মানার অভিযোগ রয়েছে। শিক্ষা কার্যক্রম পরিচালনাকারী ৯২টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ২৩টিতে রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগকৃত কোনো উপাচার্য নেই। উপ-উপাচার্য নেই ৭১টি বিশ্ববিদ্যালয়ে। আর কোষাধ্যক্ষ নেই ৫১টি বিশ্ববিদ্যালয়ে। অথচ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অর্জিত ডিগ্রির সার্টিফিকেটের মূল স্বাক্ষরকারী হবেন বিশ্ববিদ্যালয়টির উপাচার্য।

ইউজিসি সবচেয়ে বিপাকে রয়েছে ১১টি বিশ্ববিদ্যালয় নিয়ে। এর মধ্যে কয়েকটি বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে দীর্ঘদিন ধরে নানা অভিযোগ রয়েছে। এসব বিশ্ববিদ্যালয়ের সর্বশেষ তথ্য দিয়ে গণবিজ্ঞপ্তি জারি করছে ইউজিসি। ইউজিসির তথ্য অনুযায়ী, নানা অভিযোগের কারণে সরকার ২০০৬ সালে ইউনিভার্সিটি অব কুমিল্লা বন্ধ ঘোষণা করে। এই আদেশের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রিট পিটিশন দাখিল করলে আদালত বিশ্ববিদ্যালয়ের পক্ষে রায় প্রদান করেন। শিক্ষামন্ত্রণালয় বিশ্ববিদ্যালয়টি পুনরায় চালুর অনুমতি দেয় চলতি বছরের ফেব্রুয়ারিতে। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন-২০১০ এর আলোকে ক্যাম্পাসের বিদ্যমান অবকাঠামোগত সুযোগ-সুবিধা ও অন্যান্য শর্ত পূরণের অগ্রগতি যাচাইয়ের জন্য একটি কমিটি গঠন করে। এই কমিটির সরেজমিন পরিদর্শনের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় উচ্চ আদালতে রিট পিটিশন দাখিল করলে আদালত স্থগিতাদেশ প্রদান করে। উক্ত আদেশের বিরুদ্ধে ইউজিসিও আপিল করেছে।

ইবাইস ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের বিরুদ্ধে রয়েছে দ্বন্দ্ব। বোর্ড অব ট্রাস্টিজ দুইভাগে বিভক্ত এবং রয়েছে একাধিক মামলা। দ্বন্দ্ব নিরসনে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইউজিসির গৃহীত পদক্ষেপের বিষয়েও আদালতে মামলা রয়েছে।

পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশ বিশ্ববিদ্যালয়টির স্থায়ী ঠিকানা সৃষ্টিগড়, শিবপুর, নরসিংদী। আর অস্থায়ী ক্যাম্পাস ৩/২ ব্লক-এ, আসাদ এভিনিউ, মোহাম্মদপুর। কিন্তু বিশ্ববিদ্যালয়টি অননুমোদিতভাবে উত্তরায় ক্যাম্পাস পরিচালনা করছে। একইভাবে অননুমোদিত ক্যাম্পাস রয়েছে ইউনিভার্সিটি অব সাউথ এশিয়ার। বিশ্ববিদ্যালয়টি অনুমোদিত স্থায়ী ক্যাম্পাস বনানীর বি ব্লকে। কিন্তু বিশ্ববিদ্যালয়টি বনানীর সি ব্লকে অননুমোদিত ক্যাম্পাস পরিচালনা করছে।

বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে দ্বন্দ্ব রয়েছে সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, কুমিল্লার ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয়, চট্টগ্রামের প্রিমিয়ার ইউনিভার্সিটি, সাউদার্ন ইউনিভার্সিটি অব বাংলাদেশ এ। গণবিশ্ববিদ্যালয়েরও কয়েকটি বিভাগ আদালতের নির্দেশনার আলোকে চলছে। এছাড়া আদালতের রায় নিয়ে চলছে আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি।

কুইন্স ইউনিভার্সিটি বন্ধ করে সরকার। ২০১৫ সালের সেপ্টেম্বরে ১ বছরের জন্য সাময়িকভাবে শর্ত সাপেক্ষে শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য অনুমোদন দেয়। কিন্তু উক্ত নির্ধারিত সময়ে বিশ্ববিদ্যালয়টি শিক্ষা কার্যক্রম পরিচালনায় ব্যর্থ হয়।

ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান ইত্তেফাককে বলেন, কমিশন তার দায়িত্ব পালন করে যাচ্ছে। গণবিজ্ঞপ্তির মাধ্যমে সচেতন করা হচ্ছে। তিনি বলেন, অভিভাবক ও শিক্ষার্থীরা সচেতন হলে আইন না মানা বিশ্ববিদ্যালয় এক সময় বন্ধ হতে বাধ্য হবে। এগুলো এক সময় সার্টিফিকেট বিক্রির দোকান হবে।




Like 4 Share 4 Tweet G+ Share Save Share

সর্বশেষ সর্বাধিক পঠিত
খাশোগি কাণ্ডে মূল্য কীভাবে চুকাবে সৌদি!
সৌদি আরবের কাছে অস্ত্র বিক্রি এখন 'ভালো ব্যবসা'
কংগ্রেসের মধ্যবর্তী নির্বাচন ট্রাম্পের অগ্নিপরীক্ষা
জাতিসংঘের মার্কিন রাষ্ট্রদূত বাবার 'হ্যাঁ' মেয়ের 'না'
মানবিক বিপর্যয়ের দ্বারপ্রান্তে মেক্সিকো
মধ্যপ্রাচ্যে মুসলিম আন্তঃসাম্প্রদায়িক সংকট সমাধান কোন পথে!
'কোরীয় যুদ্ধের সমাপ্তি' কত দূরে!



facebook Recent Activity

0 Comments The Daily Ittefaq
1 Login
Recommend Tweet Share Sort by Best
Start the discussion…
LOG IN WITH
OR SIGN UP WITH DISQUS ?
Name
Be the first to comment.
Subscribe Add Disqus to your siteAdd DisqusAdd Disqus' Privacy PolicyPrivacy PolicyPrivacy

Tweets by @DAILYITTEFAQ

DAILY ITTEFAQ
@DAILYITTEFAQ
'আপনার স্ত্রী ও ছেলেকে গুলি করেছি স্যার'bit.ly/2OnuvSx



13h

DAILY ITTEFAQ
@DAILYITTEFAQ
চ্যাম্পিয়ন অ্যাওয়ার্ডসহ ৬ পুরস্কার বাংলাদেশেরbit.ly/2CeGP04




Embed View on Twitter

**এই পাতার আরো খবর -**

### যে কারণে ঐক্যফ্রন্টে থাকতে পারলেন না বি. চৌধুরী

বিকল্পধারাসভাপতি অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরীকে বাদ দিয়ে বিএনপি, জাতীয় সমাজতান্ত্রিক দল-জেএসডি ও নাগরিক ঐক্যকে নিয়ে গণফোরাম সভাপতি ড. কামাল হোসেনের...বিস্তারিত

### খুনি-দুর্নীতিবাজদের সঙ্গে হাত মিলিয়েছে কামাল হোসেনরা

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেছেন, খুনি-দুর্নীতিবাজদের সঙ্গে হাত মিলিয়েছে ড. কামাল হোসেনরা। যারা মানুষ পুড়িয়ে মারে, অগ্নিসন্ত্রাস...বিস্তারিত

### 'নভেম্বরেই খুন করা হবে মোদীকে'

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে হত্যার হুমকি দিয়ে দিল্লি পুলিশের কাছে ই-মেইলে বার্তা পাঠানো হয়েছে। আগামী নভেম্বরেই মোদীকে খুন করা হবে...বিস্তারিত

### 'পদ্মা সেতুতে বিশ্বব্যাংকের অর্থায়ন বন্ধের ষড়যন্ত্রে ড. ইউনূস জড়িত'

গতকাল মুন্সীগঞ্জে পদ্মা সেতুর মাওয়া টোল প্লাজা গোল চত্বরে আয়োজিত সুধি সমাবেশে বক্তৃতাকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, পদ্মা বহুমুখী সেতু...বিস্তারিত

### সৌদিতে বাণিজ্য সম্মেলনে যাবে না যুক্তরাষ্ট্র ও ব্রিটেন!

সৌদি সাংবাদিক জামাল খাশোগি নিখোঁজের রহস্য এখনো উন্মোচিত হয়নি। অভিযোগের তীর যে সৌদি আরবের দিকে, তারা এখন পর্যন্ত সব ধরনের...বিস্তারিত

### খালেদা জিয়ার অনুপস্থিতিতে চলবে জিয়া চ্যারিটেবল মামলার বিচার কাজ

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার অনুপস্থিতিতে জিয়া চ্যারিটেবল ট্রাস্ট মামলার বিচার কাজ চলবে। বিশেষ জজ আদালতের দেওয়া এ সংক্রান্ত আদেশ...বিস্তারিত

### ক্যাপশন নিউজ

রাজশাহীর বাগমারা মোহনপুর, তানোর উপজেলায় গত তিনদিনের টানা বৃষ্টিতে আউশ ধানের বেশ ক্ষতি হয়েছে। গতকাল রোদ উঠলে জমি থেকে ভেজা...বিস্তারিত

১৫ অক্টোবর, ২০১৮ ইং

| | |
|---|---|
| ফজর | ৪:৪০ |
| যোহর | ১১:৪৫ |
| আসর | ৩:৫৫ |
| মাগরিব | ৫:৩৬ |
| এশা | ৬:৪৮ |

সূর্যোদয় - ৫:৫৬ সূর্যাস্ত - ০৫:৩১

বছর মাস দিন
পড়ুন




দৈনিক ইত্তেফাক
সম্পাদক: তাসমিমা হোসেন।

প্রিন্ট সংস্করণ
প্রথম পাতা || শেষ পাতা || রাজধানী || সারাদেশ || বিনোদন প্রতিদিন ||
খেলার খবর || শিল্প বাণিজ্য || চিঠিপত্র ||

ENGLISH

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

অনলাইন সংস্করণ

জাতীয় ‖ রাজনীতি ‖ সারাদেশ ‖ বিশ্ব সংবাদ ‖ খেলাধুলা ‖
বিনোদন ‖ অর্থনীতি ‖ বিজ্ঞান ও টেক ‖ সংস্কৃতি ‖ প্রবাস ‖
বিজ্ঞাপন
রাজধানী ‖ শিক্ষাঙ্গন ‖ আদালত ‖ লাইফস্টাইল ‖ বিশ্বকাপ ফুটবল ‖

৮১৮৯৯৭১, ৭১২২৬৬৪ ‖ ittefaq.adsection@yahoo.com ‖ Privacy Policy

GET IT ON Google play

Developed by

orangebd